# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 29 June, 2025

কুমিল্লার মুরাদনগরে এক তরুণীকে দরজা ভেঙে ধর্ষণের ঘটনায় উত্তাল নেটদুনিয়া।

ঘৃণা, প্রতিবাদ আর বিচার দাবিতে সরব সাধারণ মানুষ থেকে শুরু করে তারকা ব্যক্তিত্বরাও। সেই তালিকায় যুক্ত হলেন অভিনেতা সাইদুর রহমান পাভেল। ফেসবুক লাইভে এসে তীব্র ভাষায় এই পৈশাচিক ঘটনার নিন্দা জানান তিনি।

প্রায় ১৩ মিনিটের দীর্ঘ লাইভে পাভেল বলেন,

“এই ধর্ষকদের একমাত্র শাস্তি হওয়া উচিত ফাঁসি। তাদের প্রকাশ্যে ক্রসফায়ার বা মৃত্যুদণ্ড দেওয়া হোক।”

তিনি আরও বলেন,

“যারা ধর্ষণ করেছে, তাদের প্রকাশ্যে নিয়ে আসুন।শুধু ওদের না, ওদের পরিবারকেও সামনে আনুন।জানতে চাই, এমন আচরণের উৎস কী?”

‘ভুল করেছিলাম, এখন মনে হচ্ছে আরও খারাপ সময় চলছে’

লাইভে আবেগঘন হয়ে পাভেল দেশের বর্তমান পরিস্থিতিরও সমালোচনা করেন।

“এক সময় গণঅভ্যুত্থানে সমর্থন দিয়েছি। এখন মনে হচ্ছে, ভুল করেছিলাম। স্বৈরাচারের চেয়েও আজকের ধর্ষকরা খারাপ। দেশের অবস্থা আরও খারাপ হয়ে গেছে।”

ধর্ষকের পরিবারকে দায়ী করে 'মেরে ফেলার' আহ্বান

লাইভে ক্ষোভপ্রকাশ করে অভিনেতা বলেন,

"যদি ধর্ষকদের মা-বাবা, ভাই-বোন থাকে—তাদের দায়িত্ব এই অমানুষদের বিচার করা, প্রয়োজনে মেরে ফেলা।সম্পত্তির জন্য মানুষ মানুষকে মারে, ধর্ষণের মতো অপরাধ করলে কি তারা বাঁচে?"

আন্দোলনের ডাক ও ব্যক্তিগত অনুরোধ

শাহবাগসহ নানা আন্দোলনের উদাহরণ দিয়ে পাভেল আহ্বান জানান,

"আবারও মাঠে নামুন, শাহবাগে আসুন।এই বার্তা স্পষ্ট হোক—ধর্ষণের শাস্তি একটাই, ফাঁসি।"

শেষদিকে তিনি ছাত্রনেতাদের উদ্দেশে বলেন,

"যদি তারা এখন আওয়াজ না তোলে, তাহলে বোঝা যাবে আগের আন্দোলন ছিল নিজেদের স্বার্থে।"

লাইভের শেষে অভিনেতা তার মায়ের জন্য দোয়া চান।জানান, তার মা বর্তমানে হাসপাতালে ভর্তি এবং অপারেশন হওয়ার কথা রয়েছে।

ধর্ষণ সাইদুর রহমান পাভেল অভিনেতা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 22:42

URL: https://www.timestodaybd.com/entertainment/3897775807